

[নীড়পাতা](#) ইউকে ই-কমার্স ফেয়ার থেকে ২ বিলিয়ন ডলারের বিনিয়োগ প্রত্যাশা /ইউকে ই-কমার্স ফেয়ার থেকে ২ বিলিয়ন ডলারের বিনিয়োগ প্রত্যাশা

ইউকে ই-কমার্স ফেয়ার থেকে ২ বিলিয়ন ডলারের বিনিয়োগ প্রত্যাশা



মিজানুর রহমান সোহেল

বাংলাদেশ সময়: November 14, 2015 - 03:51 PM

শুরু হলো বাংলাদেশ-ইউকে ২য় ই-কমার্স ফেয়ার। মেলার প্রথম দিনেই স্বাক্ষর হলো ৪টি সমঝোতা স্মারক। মেলা থেকে ২ বিলিয়ন ডলারের বেশী বিনিয়োগ প্রত্যাশা করছে বাংলাদেশ।



(প্রিয় টেক) শুক্রবার সকালে পূর্ব-লন্ডনের ওয়াটার লিলি ব্যাকুয়েট হলে শুরু হলো দুইদিন ব্যাপী ২য় বাংলাদেশ-ইউকে ই-কমার্স ফেয়ার ২০১৫। সকালে বাণিজ্য মন্ত্রী তোফায়েল আহমেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই মেলার উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক।

মেলার উদ্বোধনী অনুষ্ঠানের পরে বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের সাথে ৩টি প্রতিষ্ঠানের এবং আইসিটি ডিভিশনের সাথে ১টি প্রতিষ্ঠানসহ মোট ৪টি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। বাংলাদেশ হাই-টেক পার্কের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত ৩টি প্রতিষ্ঠান হলো (১) টেলিকম এশিয়া (২) সিমার্ক (বাংলাদেশ) লিমিটেড ও (৩) টেকশেড প্রাইভেট লিমিটেড। অপরপক্ষে আইসিটি ডিভিশনের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় পেজা বাংলাদেশ লিমিটেডের সাথে।

সিঙ্গাপুর ভিত্তিক টেলিকম এশিয়ার প্রধান নির্বাহী মো: শাফায়েত আলমপেমেন্ট গেটওয়ে, ড্রিপল প্লে সলিউশন, আইটি ও কনসিউমার ইলেকট্রনিক্স প্রোডাক্ট এবং প্রাইভেট এসটিপি ইত্যাদি খাতে আগামী কয়েক বছরে ১ বিলিয়ন ডলার বিনিয়োগের আশাবাদ ব্যক্ত করে। সিমার্ক (বাংলাদেশ) লিমিটেড আইটি একাডেমী, সফটওয়্যার ও হার্ডওয়্যার খাতে ৫০-১০০ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের প্রত্যাশা ব্যক্ত করেছেন।

লন্ডন-ভিত্তিক আইটি প্রতিষ্ঠান টেকশেড প্রাইভেট লিমিটেড নতুন কম্পিউটার ব্রান্ড “ডিজি”(ডেলটা গলফ) প্রস্তুতকরণের প্রত্যাশা জানিয়ে আগামী দুই বছরে প্রাথমিকভাবে ৫ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের তথ্য জানালেও কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক তা আরো বাড়ানো হবে বলে সংকল্প ব্যক্ত করেন। বাংলাদেশী ফ্রি-ল্যান্সারদের বহল-প্রতিষ্ঠিত অনলাইন পেমেন্ট গেটওয়ে সমস্যা সমাধানে পেজা বিডির সাথেও একই সাথে আরেকটি সমঝোতা স্মারক স্বাক্ষর করে আইসিটি ডিভিশন।

প্রাথমিকভাবে পেজা তাদের বিনিয়োগের পরিমাণ উল্লেখ না করলেও তা উল্লেখযোগ্য মাত্রার হবে বলে আশা প্রকাশ করেন পেজার সিনিয়র ভাইস চেয়ারম্যান নাদিমুর রহমান। সেই অনুযায়ী আগামী কয়েক বছরে এই বিনিয়োগ ২ বিলিয়ন পলার অতিক্রম করবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

উল্লেখ্য, উক্ত অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন ব্রিটেনে নিযুক্ত বাংলাদেশের হাই-কমিশনার মো: আব্দুল হান্নান, ব্রিটেনের অল পার্টি পার্লামেন্টারি গ্রুপের চেয়ার পল স্কেলী এমপি, বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি আব্দুল মাতলুব আহমেদ, বাংলাদেশ হাই-টেক পার্কের ব্যবস্থাপনা পরিচালক হোসনে আরা বেগম, কম্পিউটার জগতের চিফ এক্সিকিউটিভ আব্দুল ওয়াহেদ তমাল প্রমুখ। আগামীকাল মেলার সমাপ্তি ঘটছে।